তারিখ 27 AUG 1992
পৃষ্ঠা 7 কলাম 1

19

# সরকার শিক্ষার মানোন্নয়নে আন্তরিক ও দৃঢ় সংকল্প
## —প্রধানমন্ত্রী

বাসস জানায় ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গণশিক্ষার মতো অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীকে সফল করার লক্ষ্যে সর্বাত্মক সহযোগিতা করার

২ এর পাতায় দেখুন

করেছে।

## সরকার শিক্ষার

প্রথম পৃষ্ঠার পর

জন্যে ছাত্র ও শিক্ষকদের প্রতি আহবান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, 'আমরা শিক্ষাখাতকে অগ্রাধিকার দিয়েছি এবং এ ব্যাপারে সকলের সমর্থন চাই।' গতকাল বুধবার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র মিলনায়তনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বাস বিতরণ অনুষ্ঠানে ভাষণদানকালে বেগম জিয়া একথা বলেন। দেশের সাতটি শিক্ষা প্রতিষ্ঠানের কাছে সাতটি বাস, একটি মিনিবাস ও দু'টি মাইক্রোবাস বিতরণ করা হয়। প্রধানমন্ত্রী বলেন, দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রত্যাশিত মান নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষা করা হবে। বেগম জিয়া বলেন, মেধা পাচার রোধ করার লক্ষ্যে সরকার শিক্ষার মান উন্নয়নে আন্তরিক ও দৃঢ় সংকল্প। তিনি বলেন, আমরা চাই শিশুরা দেশেই প্রত্যাশিত মানের শিক্ষা লাভ করবে এবং দেশের অগ্রগতিতে কার্যকর ভূমিকা রাখবে।

শিক্ষা খাতে সরকারের কর্মসূচীর কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, প্রাথমিক স্তরের শিক্ষাকে জোরদার করার লক্ষ্যে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে এবং উচ্চ শিক্ষায় ছাত্ররা যাতে ভাল রেজাল্ট করতে পারে সে জন্যে তাদের সাহায্য করছে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার, সমাজকল্যাণ মন্ত্রী তরিকুল ইসলাম, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান, বস্ত্র প্রতিমন্ত্রী এম এ মান্নান, যোগাযোগ প্রতিমন্ত্রী ফজলুর রহমান পটল, ত্রাণ ও পুনর্বাসনমন্ত্রী লুৎফর রহমান খান ও সংসদ সদস্যগণ। এছাড়াও ছাত্রনেতাদের মধ্যে ডাকসুর ভিপি আমানুল্লাহ আমান এমপি, ডাকসুর জিএস খায়রুল কবীর খোকন, ছাত্রদলের সাধারণ সম্পাদক ইলিয়াস আলী, ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক আব্দুল মালেক, নাজিমউদ্দিন আলম, শিরিন সুলতানা, হাবীবুন্নবী সোলে ও আলী আক্কাস নাদিম উপস্থিত ছিলেন। যেসব শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বাস বিতরণ করা হয়েছে সেগুলো হচ্ছে ঢাকা মেডিকেল কলেজ (১টি বাস), রাজশাহী মেডিকেল কলেজ (১টি বাস), ঢাকা বিশ্ববিদ্যালয় (দু'টি মাইক্রোবাস শিক্ষকদের এবং দু'টি বাস ছাত্রদের জন্যে), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (শিক্ষকদের জন্যে ১টি মিনিবাস), নাটোরের নবাব সিরাজুদ্দৌলা কলেজ (১টি বাস), ঢাকা কলেজ (১টি বাস) ও টাঙ্গাইলের করোটিয়া সাদাত বিশ্ববিদ্যালয় কলেজ (১টি বাস)।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ এবং ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ প্রধানমন্ত্রীর কাছ থেকে বাস গ্রহণ করেন।